গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.২৪.০১৭.১৯.১৩৯ তারিখঃ ১১ আষাঢ় ১৪২৭ / ২৫ জুন ২০২০

**প্রজ্ঞাপন**

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রযোজককে ২০১৯-২০২০ অর্থ বছরে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

| ক্রমিক নং | চলচ্চিত্রের নাম | প্রযোজক ও পরিচালকের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | আগন্তুক<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব প্রবীর কুমার সরকার (বিপ্লব সরকার) | ১৫,০০,০০০/- |
| ২ | প্রাচীন বংশের নি:স্ব সন্তান<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব শরীফ রেজা মাহমুদ ওরফে স্বজন মাঝি | ২০,০০,০০০/- |
| ৩ | প্রথম রূপকথার বই<br>(প্রামাণ্যচিত্র) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব এবিএম নাজমুল হুদা | ১৮,০০,০০০/- |
| ৪ | পটুয়া<br>(প্রামাণ্যচিত্র) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব মোঃ সাজেদুল ইসলাম | ২০,০০,০০০/- |
| ৫ | মুকুলের জাদুর ঘোড়া (শিশুতোষ) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব দেবাশিষ দাশ | ২০,০০,০০০/- |
| ৬ | অবিনশ্বর<br>(প্রামাণ্যচিত্র) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব ফাখরুল আরেফীন খান | ২০,০০,০০০/- |
| ৭ | ধূসর দিগন্ত<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব মোঃ সোহেল আহমদ সিদ্দিকী | ১৫,০০,০০০/- |
| ৮ | দূরে<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>মিজ মিতালি রায় | ১২,৫০,০০০/- |
| ৯ | মরিয়ম<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>মিজ চৈতালি সমাদ্দার | ১২,০০,০০০/- |

**অনুদানের শর্তাবলি:**

১. চলচ্চিত্রগুলো নির্মাণের বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি ও অনুদান উপ-কমিটি কোনো পরামর্শ প্রদান করলে তা যথাযথ অনুসরণ করতে হবে;

২. পটুয়া, ধূসর দিগন্ত, দূরে ও মরিয়ম চলচ্চিত্রগুলো নির্মাণের বিষয় গঠিত পরামর্শক কমিটির সুপারিশ/পরামর্শমতে চলচ্চিত্র নির্মাণ কাজ করতে হবে;

৩ . স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক প্রজ্ঞাপনে উল্লিখিত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত হারে অনুদান পাবেন;

৪. সরকারের পূর্বানুমতি ব্যতীত অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের শিল্পী/কলাকুশলী/গল্প/চিত্রনাট্যের কোনো পরিবর্তন করা যাবে না;

৫. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র অনুদানের প্রথম চেক প্রাপ্তির ৬(ছয়) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। তবে স্ক্রীপ্টের প্রয়োজনে/অনিবার্য কারণে/বিশেষ বিবেচনায় সরকার এ সময় বৃদ্ধি করতে পারবে;

৬. অনুদানে নির্মিত প্রতিটি চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) ৩৫-৫৫ মিনিট হতে হবে। তবে বিশেষ প্রয়োজনে অনুদান কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে এ স্থিতিকাল পুন:নির্ধারণ করা যাবে;

৭. অনুদান প্রাপ্তির জন্য মনোনীত চলচ্চিত্রের নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের ৩০% অর্থ প্রদান করা হবে। অনধিক ২ মাসের মধ্যে চলচ্চিত্রের কমপক্ষে ৩০% চিত্রায়নের পর তা অনুদান উপ-কমিটি কর্তৃক (চিত্রায়িত অংশ) সন্তোষজনক বিবেচিত হলে অনুদানের দ্বিতীয় কিস্তিতে অনূর্ধ্ব ৪০% অর্থ প্রদান করা হবে। তবে বিশেষ বিবেচনায় স্ক্রীপ্টের প্রয়োজনে এ সময় সরকার বৃদ্ধি করতে পারবে;

৮. সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সন্তুষ্টি সাপেক্ষে অবশিষ্ট ৩০% অর্থ প্রদান করা হবে;

৯. চলচ্চিত্রের নির্মাণ, অর্থ বছরের অবশিষ্ট সময় ইত্যাদিসহ বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ ১ম ও ২য় কিস্তির টাকা একসঙ্গে ছাড় করতে পারবে। তবে এ ক্ষেত্রে ৩য় কিস্তির (শেষ কিস্তি) টাকা ছাড়ের পূর্বে চলচ্চিত্রটির নির্মাণ কাজ শেষ করতে হবে। অতপর: সম্পূর্ণ রাশ প্রিন্ট দেখে অনুদান কমিটির সিদ্ধান্ত অনুসারে অর্থ ছাড় করা হবে;

১০. সংশ্লিষ্ট প্রযোজক অনুদানের ৩য় (শেষ) কিস্তি প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে চলচ্চিত্রটির সেন্সর সনদ গ্রহণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সরকার অনুদান হিসেবে প্রদানকৃত সমুদয় অর্থ ব্যাংক হারে সুদসহ প্রচলিত আইন অনুযায়ী আদায় করতে পারবে;

১১. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/ কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোন বিদেশী শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয়, তাহলে মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন;

১২. অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ ফেরৎ দিতে বাধ্য থাকবেন। অবৈধ পন্থা অবলম্বন বা অনুদানের শর্ত লংঘনের ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট নির্মাতা/অনুদান গ্রহণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

১৩. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চিত্রায়ন, এডিটিং, ডাবিং ইত্যাদি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এবং এর আওতাধীন প্রতিষ্ঠানে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে বিএফডিসি বিধি মোতাবেক তাঁদের সার্ভিস চার্জের ৫০% পর্যন্ত ছাড় দিতে পারে। তবে স্ক্রিপ্টের আলোকে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের সুবিধা গ্রহণ অসম্ভব হলে সংশ্লিষ্ট প্রযোজক আবেদনের মাধ্যমে সরকারের পূর্বানুমতি গ্রহণকরতঃ অন্যত্র চলচ্চিত্রটির নির্মাণ কাজ করতে পারবেন;

১৪. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে শ্যুট (Shoot) করে নির্মাণ করা যাবে। তবে দেশের অধিকাংশ জনগণের দেখার সুবিধার্থে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে সেন্সরের জন্য ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য ফরমেট পরিবর্তন করে ডিভিডি ফরমেটে জমা দিতে হবে।

১৫. উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্রের নির্মাণ শুরু না করেন কিংবা অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তাহলে সরকার বরাদ্দ আদেশ বাতিল করতে পারবে। এছাড়া চলচ্চিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত অনুদানের অর্থ ব্যাংক হারে সুদসহ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য যে কোন আইনানুগ ব্যবস্থা সরকার গ্রহণ করতে পারবে;

১৬. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

১৭. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

১৮. সরকারি অনুদানে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশি-বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত রেখে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করে;

১৯. কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরনের সুবিধা দাবি করতে পারবেন না;

২০. প্রযোজকের মৃত্যু হলে কিংবা প্রযোজকের পক্ষে চলচ্চিত্র নির্মাণ সম্পন্ন করা অসম্ভব হলে সেক্ষেত্রে অনুদান কমিটি সংশ্লিষ্ট চলচ্চিত্রটির নির্মাণ সম্পন্নকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

২১. প্রস্তাবিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে (2K Resolution-এ) অথবা ৩৫ মি:মি: ফরমেটে নির্মাণ করা যাবে; তবে নির্মিত চলচ্চিত্রটি অবশ্যই বাংলাদেশের প্রেক্ষাগৃহে বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে;

২২. সরকারি অনুদানপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত প্রযোজক সরকারের অনুমতি নিয়ে সহযোগী প্রযোজক নিয়োগ দিতে পারবেন। তবে এ ক্ষেত্রে মূল প্রযোজকের নিকট চলচ্চিত্রের স্বত্ব থাকবে এবং সহযোগী প্রযোজকের নিকট কোনভাবেই স্বত্ব হস্তান্তর করা যাবে না। আরো শর্ত থাকে যে, মূল প্রযোজকের জন্য যে শর্তাবলী প্রযোজ্য সহযোগী প্রযোজকের জন্য একই শর্তাবলী প্রযোজ্য হবে;

২৩. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব জমা প্রদান করতে হবে;

২৪. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদ পত্র গ্রহণ করতে হবে;

২৫. সরকারি অনুদানে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্বত্ব কোন ভাবেই হস্তান্তর করা যাবে না;

২৬. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের প্রযোজক সরকারি বিধি অনুযায়ী কর/ভ্যাট প্রদান করবেন;

২৭. প্রযোজক শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন ও সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২৮. 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা, ২০২০ (সংশোধিত)' অনুসরণ করতে হবে। তবে চলচ্চিত্রটির নির্মাণ সমাপ্তির পূর্বে এ নীতিমালা সংশোধন করা হলে উক্ত সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে;

২৯. বর্ণিত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি কোন্ ফরমেটে (ডিজিটাল অথবা ৩৫ মিঃ মিঃ) নির্মিত হবে তা লিখিতভাবে তথ্য মন্ত্রণালয়কে অবহিত করবেন; এবং

৩০. অনুদান প্রদানের পরও সরকার যে কোনো যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

25/11/2020

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৪৫৮৬৮
E-mail: sas.film@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.২৪.০১৭.১৯.১৩৯

তারিখঃ ১১ আষাঢ় ১৪২৭
২৫ জুন ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
৩. যুগ্ম সচিব (বাজেট অনুবিভাগ), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
৪. অধ্যাপক মঈনুদ্দিন খালেদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব ও শিক্ষক, প্যারাডাইস, এ-৪, ২৩/৯, খিলজী রোড, শ্যামলী, ঢাকা।
৫. জনাব মসিহ্ উদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক, ইস্টার্ন প্লেস, ফ্ল্যাট নং-৪/৭০১, ২১, সিদ্ধেশ্বরী লেন, ঢাকা।
৬. জনাব অমিতাভ রেজা, চলচ্চিত্র নির্মাতা, হাফ স্টপ ডাউন, বাড়ী-৪২, রোড-০১, ব্লক-এ (৬ষ্ঠ তলা), নিকেতন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১৩. জনাব প্রবীর কুমার সরকার (বিপ্লব সরকার) প্রযোজক, বাড়ি-৬ (৬ষ্ঠ তলা), রোড-৩, সেক্টর-৫, উত্তরা, ঢাকা-১২৩০।
১৪. জনাব শরীফ রেজা মাহমুদ ওরফে স্বজন মাঝি, প্রযোজক, ৩৯ বাইতুল মেরাজ জামে মসজিদ রোড, উত্তর সানারপাড়, ডেমরা, ঢাকা।
১৫. জনাব এবিএম নাজমুল হুদা, প্রযোজক, ফ্ল্যাট-৫০২, বাড়ি-৬২১, রোড-১০ ডিওএইচএস, মিরপুর, ঢাকা।
১৬. জনাব মোঃ সাজেদুল ইসলাম, প্রযোজক, বাসা-০৮, মেইন রোড, মোহাম্মদীয়া হাউজিং সোসাইটি লিমিটেড, মোহাম্মদপুর, ঢাকা।
১৭. জনাব দেবাশীষ দাস, প্রযোজক, ব্লক-আই/১৬৮, উত্তর বিলাশপুর, গাজীপুর সদর, গাজীপুর।
১৮. জনাব ফাখরুল আরেফীন খান, প্রযোজক, বাসা-৬৯৯, রোড-১১, এভিনিউ-২, মিরপুর, ডিওএইচএস, ঢাকা।
১৯. জনাব মোঃ সোহেল আহমদ সিদ্দিকী, প্রযোজক, কাজী ভিলা, ৫৮/৬/৫ উত্তর মুগদা ঝিলপাড়া, ঢাকা।
২০. মিজ মিতালী রায়, প্রযোজক, ৩/৭ ডোমইনো, ফ্ল্যাট-সি২, ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা।
২১. মিজ চৈতালি সমদ্দার, প্রযোজক, ফ্ল্যাট এ-৩, এম্পায়ার সফরজান, খ-১১,দক্ষিণ বাড্ডা, গুলশান, বাড্ডা, ঢাকা।

২৫/৬/2020

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব